বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
www.bgfcl.gov.bd

**০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৫তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ০৫ ফেব্রুয়ারি ২০২৬ |
| সভার সময় | দুপুর ০২.০০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভাপতি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে গত ২৭ জানুয়ারি, ২০২৬ তারিখে যোগদানের পর তাঁর ১ম সমন্বয় সভা তথা জানুয়ারি'২৬ মাসের/১০৫তম সমন্বয় সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে তিনি সকলের সাথে পরিচিত হন। তিনি সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর তিনি কোম্পানি সচিব ছুটিতে থাকায় মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। সভাপতিকে ধন্যবাদ জানিয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে গত ৩০-১২-২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৪তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.০। | **অপারেশন ডিভিশন:** | | | |
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারে ফ্লো-কম্পিউটার ইন্সটলেশনের জন্য নিয়োজিত ঠিকাদার কর্তৃক সংগৃহীত বৈদেশিক মালামাল শীঘ্রই তিতাস ফিল্ডে পৌছাবে এবং অতঃপর যথাশীঘ্র ইন্সটলেশন কার্যক্রম শুর হবে। উল্লেখ্য, কাজটি সম্পাদনের মেয়াদ আগস্ট ২০২৬ পর্যন্ত নির্ধারিত আছে। | কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারসমূহে ফ্লো-কম্পিউটার ইন্সটলেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:**<br>হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে কোম্পানির স্টান্ডিং অবলোপন কমিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিবেদন নিলাম কমিটি-তে প্রেরণ করা হবে। নিলাম কমিটির সুপারিশের আলোকে কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে। | হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ) |
| | | **গ) সাঙ্গু ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, সাঙ্গু ফিল্ডে বিদ্যমান টেলিকমিউনিকেশন টাওয়ারটিতে এভিয়েশন এলার্ট লাইট প্রজ্জলিত হয় না। ফলে, এয়ারলাইনস্‌জনিত দুর্ঘটনার ঝুঁকি রয়েছে। এ প্রেক্ষাপটে টেলিকমিউনিকেশন টাওয়ারটির এভিয়েশন লাইট প্রজ্জলিতকরণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে প্রতীয়মান হয়। | সাঙ্গু ফিল্ডে বিদ্যমান টেলিকমিউনিকেশন টাওয়ারটিতে এভিয়েশন এলার্ট লাইট প্রজ্জলিত হয় না বিধায় এয়ারলাইনস্‌জনিত যে কোন দুর্ঘটনার ঝুঁকির বিষয় বিবেচনা করে উক্ত টাওয়ারটিতে এভিয়েশন এলার্ট লাইট প্রজ্জলনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি)/(প্রশাসন) |
| | | **ঘ) কামতা ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি সংস্কারের নিমিত্ত ভবনটির ব্যবহারযোগ্য করে দেয়ার জন্য টিজিটিডিএসএল-এর লোকজন সরেজমিন পরিদর্শন করেছেন। ভবনটি পরিত্যক্ত, ভঙ্গুর এবং ব্যবহার অনুপযোগী বিধায় টিজিটিডিএসএল-কে অবহিত করে কোম্পানি কর্তৃক ভেঙ্গে ফেলা যেতে পারে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর পরিত্যক্ত ভবনটি সংস্কার/ভেঙ্গে ফেলার বিষয়ে টিজিটিডিএসএল-এর সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| ৪.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :** | | | |
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | চলমান ৫টি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | (ক) তিতাস-ই এবং জি লোকেশনে ৩টি করে মোট ৬টি কম্প্রেসর স্থাপন সম্পন্ন করে উৎপাদিত গ্যাস কম্প্রেসরের মাধ্যমে জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। কোম্পানির ও জিকম-এর জনবল কর্তৃক ১০ নভেম্বর ২০২৫ হতে ১ বছর মেয়াদী জয়েন্ট অপারেশন কার্যক্রম পরিচালিত হচ্ছে। | কম্প্রেসরসমূহের জয়েন্ট অপারেশন কার্যক্রমের মাধ্যমে কোম্পানিতে সংশ্লিষ্ট কাজে দক্ষ জনবল গড়ে তুলতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) ৭টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের আওতায় বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার মার্চ, ২০২৫ মাসে শুরু করার লক্ষ্যে রিগ ও আনুষঙ্গিক মালামাল মোবিলাইজেশনের জন্য বাপেক্স-কে পত্র প্রদান করা হয়েছে। পরবর্তীতে মেঘনা কূপের ওয়ার্কওভার সম্পাদনের জন্য রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত ফিল্ডের উৎপাদিত পানি নিষ্কাশনের জন্য মহাব্যবস্থাপক (অপারেশন), (টিএস) ও উপমহাব্যবস্থাপক (সিভিল) সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করছেন। | বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার মার্চ, ২০২৫ মাসে শুরু করার লক্ষ্যে রিগ ও আনুষঙ্গিক মালামাল মোবিলাইজেশনের বিষয়ে বাপেক্স-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>মেঘনা-১ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে রিগ ফাউন্ডেশন মডিফিকেশন কাজ দ্রুত সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১ খনন প্রকল্পের কাজ সিডিউল মোতাবেক চলমান আছে। তিতাস-৩১ কূপ খনন সংশ্লিষ্ট রিগ ফাউন্ডেশনের কাজ শুরু হয়েছে। সংশ্লিষ্ট বৈদেশিক মালামাল মার্চ-২০২৫ মাসের মধ্যে সংগ্রহ করা যাবে-মর্মে আশা করা যাচ্ছে। | ২টি গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১ খনন প্রকল্পের কাজ যথাসময়ে শুরু করতে হবে। | |
| | | ( ঘ) বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের বাস্তব কাজ ফেব্রুয়ারি'২৬ মাসের শেষ সপ্তাহ নাগাদ শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে। এ লক্ষ্যে বনবিভাগের অনুমোদনের জন্য একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুসরণে বনাঞ্চলের ৩ডি সাইসমিক জরিপ পরিচালনা করা যাবে। এছাড়া, বাপেক্স কর্তৃক সরকারি প্রতিষ্ঠান IIFC হতে মাঠ পর্যায়ের কাজের জন্য লোকবল সংগ্রহ করা হচ্ছে। | ঘ) বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের ৩-ডি সাইসমিক জরিপের মাঠ পর্যায়ের কাজ ফেব্রুয়ারি'২৬ মাসের শেষ সপ্তাহ নাগাদ শুরুর লক্ষ্যে তাদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | ( ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ১ম কূপ (তিতাস-২৮) এর খনন কাজ চলমান আছে। মার্চ'২৬ মাসে খনন কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। পাইপলাইন নির্মাণ কাজের দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে। কামতা ফিল্ডের জন্য অভ্যন্তরীণভাবে প্রসেস প্লান্ট সংগ্রহ করা যায়নি বিধায় ক্রয় প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। CCDC কর্তৃক বরাদ্দকৃত অপর একটি রিগ দিয়ে কামতা ফিল্ডের খনন কার্যক্রম শুরুর লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | তিতাস-২৮, ২৯, ৩০ নং কূপের গ্যাস প্রক্রিয়াকরণের লক্ষ্যে পাইপলাইন নির্মাণ কাজের ঠিকাদার নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>কামতা ফিল্ডের জন্য প্রসেস প্লান্ট ক্রয়ের কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>CCDC-এর প্রস্তাবিত বিকল্প রিগ দ্বারা কামতা ফিল্ডের খনন কার্যক্রম সম্পোদনে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৪টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ( ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | | ( খ) তিতাস- ১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রণীত ডিপিপি ইএমআরডি-তে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের EIA চূড়ান্ত করার কার্যক্রম চলমান আছে। | তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | (গ) তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি.মি. এলাকায় ২-ডি এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি.মি এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের চূড়ান্ত Feasibility Study প্রতিবেদন IIFC কর্তৃক দাখিল করা হয়েছে। অপরদিকে, ২ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে বাপেক্স-এর গঠিত কমিটি কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের প্রতিবেদন দাখিল করা হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি'র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করা হবে। | (গ) ২-ডি ও ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি'র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে। | |
| | | ( ঘ) তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-৩৪, ৩৫, ৩৬) খননের জন্য জুলাই ২০২৬ হতে জুন ২০২৯ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ বিবেচনা করে একটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হচ্ছে। | তিতাস-৩৪, ৩৫, ৩৬ কূপ খননের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি যথাশীঘ্র প্রস্তুত করতে হবে। | |
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের নিমিত্ত চাহিদানুযায়ী ম্যাটেরিয়েলস্ তালিকা তৈরি, কর্মপরিকল্পনা এবং কস্টিং করে টেন্ডার সিডিউল প্রণয়ন করা হচ্ছে।<br><br>এছাড়া, হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত নিয়োজিত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে Fire Plan এর খসড়া প্রণয়ন করছে। | কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের কর্মপরিকল্পনা সভাকে অবহিত করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, প্রস্তাবিত তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্পের জন্য E C C সংগ্রহের কার্যক্রম চলমান আছে। সভাকে আরও অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের জন্য ECC সংগ্রহের নিমিত্ত ETP স্থাপনের প্রয়োজন হবে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্পের জন্য ECC দ্রুত সংগ্রহ করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডে ETP স্থাপনের জন্য বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) |
| ৪.৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS) | সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের কর্মসম্পাদন ক্ষেত্র প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। তদনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে কোম্পানি সচেষ্ট থাকবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। সভায় অবহিত করা হয় যে, G P M S টি ২০২৬-২৭ অর্থবছর থেকে কার্যকর হতে পারে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে করণীয় নির্ধারণ করা যেতে পারে। ছুটি অনুমোদনের বিষয়টি ডি-নথিতে সম্পাদন করা যেতে পারে। | সরকারী কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আন্তরিক ও তৎপর হতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে মহাব্যবস্থাপকগণ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল প্রকার ছুটি অনুমোদনের কার্যক্রম ডি-নথিতে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৫.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | ফিল্ড ইনচার্জ সভাকে অবহিত করেন যে, উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW-এর ৭-৮ ফুট জায়গায় স্থায়ী অবকাঠামো নির্মাণকারী স্থানীয় ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। | উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW সংরক্ষণে সচেতন ও তৎপর থাকতে হবে। অবৈধ দখলদারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৫.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে কোম্পানির মোট ভূসম্পত্তির প্রায় ৮৩% এর রেকর্ড আপডেট করা হয়েছে। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| **৬.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৬.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে সর্বমোট ৪১টি মামলা রয়েছে। মামলা নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| **৭.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭.১। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের বিষয়ে কমিটির প্রণীত মালামালের পুনঃনিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন। সভায় গোকর্ণ ঘাটে অবস্থিত কোম্পানির অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংকটি অকেজো বিধায় অবলোপন করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করা হয়। | কোম্পানির তালিকাভুক্ত অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল নিলামের পুনঃদরপত্র বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশ করতে হবে।<br><br>গোকর্ণ ঘাটে অবস্থিত কোম্পানির অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংকটি অবলোপনের লক্ষ্যে প্রাইস এস্টিমেটসহ প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৮.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৮.১। | নিরাপত্তা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে নিরাপত্তা পরিদর্শন জোরদার রয়েছে, সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিং করা হচ্ছে। নিরাপত্তা বিষয়ে একজন ফোকাল পয়েন্ট মনোনীত করা হয়েছে। নরসিংদী ফিল্ডে কেপিআই ইন্সপেকশন সম্পন্ন হয়েছে। তাদের মতামত/নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা জোরদার রাখতে হবে। ভিজিলেন্স টিমের টহল/ তদারকি অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৮.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত হচ্ছে। কোম্পানির অ্যাম্বুলেন্সসমূহ সচল রয়েছে। অক্সিজেন সিলিন্ডার রিফিল করা হয়েছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৮.৩। | নিয়োগ ও পদোন্নতি | সভাকে অবহিত করা হয় যে, পেট্রোবাংলার সমন্বিত নিয়োগ প্রক্রিয়ায় কোম্পানিতে ৭৯জন কর্মকর্তা চাকরিতে যোগদান করেছেন। | নতুন কর্মকর্তাদের ওরিয়েন্টেশন এবং কোম্পানির চলমান প্রকল্পসমূহ সম্পর্কে অবহিত-করণের ব্যবস্থা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৮.৪। | ভ্রমন আদেশ | দাপ্তরিক প্রয়োজনে কোম্পানির কর্মকর্তাগণ কর্তৃক বিভিন্ন ফিল্ড/ লোকেশন বা অন্য কোন দপ্তরে ভ্রমণের ক্ষেত্রে কোম্পানির অনুমোদিত কোন দূরত্বের পরিমাপ সংক্রান্ত ডাটা/তথ্য না থাকায় ভ্রমণ আদেশ দাখিলে সমস্যা হচ্ছে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/ লোকেশন এবং বিভিন্ন ফিল্ড/ লোকেশন হতে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ভ্রমণের ক্ষেত্রে দূরত্বের পরিমাপ সংক্রান্ত ডাটা/তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:<br>১। উপমহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট)<br>২। ব্যবস্থাপক (ম্যানেজমেন্ট অডিট)<br>৩। ব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং)<br>৪। উপব্যবস্থাপক (কন্সট্রাকশন) | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৯.০। | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৯.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, কোম্পানির সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবংসকলকে ধন্যবাদ

জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
০৫ ফেব্রুয়ারি ২০২৬
২২ মাঘ ১৪৩২

**সংযুক্তিঃ**
(১) Attendence

১৭-০২-২০২৬
প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.৪২.০০০৩.২৬.১১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ এবং
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৭-০২-২০২৬
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক